

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫

আগরতলা, ১২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

**১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের ৩০টি বিধানসভা
ক্ষেত্রে বাড়ি বাড়ি ভোটগ্রহণ প্রক্রিয়া ছিল শান্তিপূর্ণ**

লোকসভা নির্বাচনে ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রে বিভিন্ন রাজনৈতিক দলের ৬২টি অভিযোগের ভিত্তিতে এখন পর্যন্ত ৫৬টি অভিযোগের নিষ্পত্তি করা হয়েছে। তাছাড়াও আদর্শ নির্বাচনী আচরণবিধি ভঙ্গের অভিযোগে ৫ জন সরকারি কর্মচারিকে এবং নির্বাচনের কাজের ক্ষেত্রে কর্তব্যে গাফিলতির জন্য ২ জন নিরাপত্তা কর্মীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। আজ ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার এক প্রেস নোটে এই সংবাদ জানিয়ে বলেন, পুলিশ এখন পর্যন্ত ৪টি এফআইআর নথিভুক্ত করেছে এবং ৮ জনেরও বেশি ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। প্রেস নোটে রিটার্নিং অফিসার আরও জানিয়েছেন, বাড়ি বাড়ি ভোট গ্রহণের ক্ষেত্রে প্রদত্ত ভোটের হার ৯৫ শতাংশ। উল্লেখ্য, ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের ৩০টি বিধানসভা ক্ষেত্রে বাড়ি বাড়ি ভোটগ্রহণ প্রক্রিয়া ছিল শান্তিপূর্ণ। ভারতের নির্বাচন কমিশন সমস্ত অবজারভারদের সাথে পরিস্থিতি পর্যালোচনা করছে। কেন্দ্রীয় বাহিনীর সহায়তায় নির্বাচন প্রক্রিয়াকে শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার ক্ষেত্রে প্রশাসন বন্ধপরিকর।
